

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১

খোয়াই, ০৫ এপ্রিল, ২০২৪

খোয়াই জেলায় ৩টি ফায়ার স্টেশনকে জেনারেটর প্রদান

খোয়াই জেলা প্রাকৃতিক বিপর্যয় ব্যবস্থাপনা কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি খোয়াই জেলা শাসকের কার্যালয় প্রাঙ্গণে খোয়াই ফায়ার স্টেশন, কল্যাণপুর ফায়ার স্টেশন ও তেলিয়ামুড়া ফায়ার স্টেশনকে ৩টি জেনারেটর প্রদান করা হয়। খোয়াই ফায়ার স্টেশনের আধিকারিক অমল দেববর্মার হাতে ৩টি জেনারেটর তুলে দেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রনা। উপস্থিত ছিলেন ডিস্ট্রিক্ট প্রোগ্রাম অফিসার সংগীতা সরকার। প্রতিটি জেনারেটরের জন্য ৯১ হাজার ৫০০ টাকা করে ব্যয় হয়েছে।
